

## বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন

Bangladesh Forest Industries Development Corporation

বনশিল্প ভবন

৭৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

(www.bfidc.gov.bd)

ই-মেইলঃ [bfidc.bd@gmail.com](mailto:bfidc.bd@gmail.com)

রাবার কাঠ শক্ত, টেকসই ও উন্নতমানের।  
আপনিও রাবার কাঠ ব্যবহার করুন।

পত্র নং ২২.০৩.০০০০.১০৬.৪১.০০১.১৮-৬১৮

৬৩ বৈশাখ ১৪২৬ বাং  
তারিখ ২৪ মে ২০১৯ খ্রিঃ

অফিস আদেশ

০৮/০৫/২০১৯ তারিখ অনুষ্ঠিত বিএফআইডিসি'র ০৫/২০১৯(৬০৯)তম বোর্ড সভার আলোচ্যসূচি-০৩(দফা-৪/২০১৯) এর গৃহীত সিদ্ধান্ত মোতাবেক কর্পোরেশনের রাবার বিক্রয় কার্যক্রমের জন্য দরপত্র মূল্যায়ন কমিটি নিম্নোক্তভাবে পুনর্গঠন করা হল:

- |  |            |
|--|------------|
| ১। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), বশিউক, সদর দপ্তর, ঢাকা-        | আহবায়ক    |
| ২। মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন), বশিউক, সদর দপ্তর, ঢাকা - | সদস্য      |
| ৩। ব্যবস্থাপক (হিসাব), বশিউক, সদর দপ্তর, ঢাকা-                   | সদস্য      |
| ৪। উপ-ব্যবস্থাপক (ক্রয়), বশিউক, সদর দপ্তর, ঢাকা।                | সদস্য      |
| ৫। সহ-ব্যবস্থাপক (রাবার), রাবার বিভাগ, বশিউক, সদর দপ্তর, ঢাকা-   | সদস্য-সচিব |
- “প্রয়োজনে এ কমিটি পর্যায়ক্রমে প্রতি টেন্ডারে/অকশনে যে কোন একজন রাবার জোনের প্রধানকে টেন্ডারে/অকশনে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানাতে পারবেন”।

০২। কমিটির কার্যপরিধি(TOR)ঃ

(১) কমিটি কর্পোরেশনের রাবার বিক্রয় ও রপ্তানী নীতিমালা/২০১৪ অনুযায়ী রাবার বিক্রয়ের জন্য আহ্বানকৃত দরপত্রের শর্তানুযায়ী দরপত্র গ্রহণের নির্ধারিত তারিখে ও সময়ে দরপত্র গ্রহণ, দরপত্রদাতাদের উপস্থিতিতে(যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা, প্রাপ্ত দরপত্রের নির্ধারিত ছকে তুলনামূলক বিবরণী(সিএস) প্রস্তুতপূর্বক প্রাপ্ত দরপত্র সম্পর্কে কমিটির সুস্পষ্ট মতামত/সুপারিশ সম্বলিত একটি মূল্যায়ন প্রতিবেদন দরপত্র উন্মোচনের পরবর্তী কার্যদিবসের মধ্যে মহাব্যবস্থাপক(রাবার), বশিউক, সদর দপ্তর, ঢাকা বরাবর দাখিল করবেন।

(২) কমিটি প্রতি মাসের ১৫ তারিখে ও ৩১ বা শেষ তারিখে কর্পোরেশনের উৎপাদিত রাবারের পাক্ষিক দর নির্ধারণ/নিরূপণের ক্ষেত্রে ৪৯২ তম ও ৪৯৪ তম বোর্ড সভার সিদ্ধান্তে বর্ণিত সুনির্দিষ্ট Guide line/দিক-নির্দেশনা অনুযায়ী উৎপাদিত রাবারের পাক্ষিক দর নির্ধারণ/নিরূপণ করবেন এবং ঐ একই তারিখেই কমিটির প্রতিবেদন মহাব্যবস্থাপক(রাবার), বশিউক, সদর দপ্তর, ঢাকা বরাবর দাখিল করবেন।

(৩) কর্পোরেশনের রাবার বিক্রয় ও রপ্তানী নীতিমালা/২০১৪ এর ২৭ দফা এবং ৫৯৭ তম বোর্ড সভার সিদ্ধান্ত অনুযায়ী ১০০(একশত) মেট্রিক টন বা তদুর্ধ্ব পরিমাণ রাবার ক্রয়ে ইচ্ছুক দেশীয় ক্রেতা/ক্রেতাগণের নিকট হতে প্রাপ্ত আবেদনের বিষয়ে কমিটি কর্তৃক বিক্রয় মূল্য নির্ধারণক্রমে সুপারিশ মহাব্যবস্থাপক(রাবার), বশিউক, সদর দপ্তর, ঢাকা বরাবর দাখিল করবেন।

(৪) রাবার বিভাগ, ঢাকা কর্তৃক কমিটির নিকট হতে প্রাপ্ত উল্লিখিত মূল্যায়ন প্রতিবেদন/সুপারিশসমূহ নথিতে উপস্থাপনপূর্বক অনুমোদনের জন্য যথানিয়মে কর্তৃপক্ষ/বোর্ড সভায় উপস্থাপন করবে।

০৩। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং এতদসংক্রান্ত বিষয়ে ইতঃপূর্বে জারীকৃত সকল আদেশ বাতিল বলে গণ্য হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

(মোঃ হাজেরা খাতুন)

সচিব

ফোন : ৯৫৬২১১৯

বিতরণ:

- (১) পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), বশিউক, সদর দপ্তর, ঢাকা।
- (২) মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন), বশিউক, সদর দপ্তর, ঢাকা।
- (২) ব্যবস্থাপক(হিসাব), সদর দপ্তর, ঢাকা।
- (৪) উপ-ব্যবস্থাপক (ক্রয়), বশিউক, সদর দপ্তর, ঢাকা।
- (৫) সহ-ব্যবস্থাপক (রাবার), রাবার বিভাগ, বশিউক, সদর দপ্তর, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি:-

- ০১। পরিচালক (পরি: ও উন্নয়ন)/(অর্থ)/(উৎপাদন ও বাণিজ্য), বশিউক, সদর দপ্তর, ঢাকা।
- ০২। মহাব্যবস্থাপক (পরি: ও উন্নয়ন)/(রাবার)/(উৎপাদন ও বিক্রয়), বশিউক, সদর দপ্তর, ঢাকা।
- ০৩। মহাব্যবস্থাপক, বশিউক, রাবার বিভাগ, চট্টগ্রাম/সিলেট/মধুপুর-শেরপুর জোন, চট্টগ্রাম/শ্রীমঙ্গল/টাঙ্গাইল।
- ০৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বশিউক, সদর দপ্তর, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৫। সংরক্ষণ নথি।
- ০৬। অফিস কপি।